গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেইট, বাংলাদেশ, ঢাকা।
aic.dls.gov.bd

স্মারক নং-৩৩.০১.০০০০.৬০০.০৭.০০১.২৫- ১৬ | তারিখ ঃ ০৪/০১/২০২৬ খ্রিঃ

বরাবর
মোঃ ইমাম উদ্দীন কবীর
অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ অনুবিভাগ
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
ও
সভাপতি, এনটিআরসি কমিটি।

**বিষয় ঃ** ১৪ তম এনটিআরসি সভার খসড়া কার্যবিবরণী অনুমোদন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ০৪/০১/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ টায় পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনা সংক্রান্ত National Technical Regulatory Committee (NTRC) এর ১৪ তম সভার খসড়া কার্যবিবরণী পরবতী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন ও সদয় অনুমোদনের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি : খসড়া কার্যবিবরণী

০৪/০১/২৬
(মোঃ শাহজামান খান)
পরিচালক
কৃত্রিম প্রজনন দপ্তর
প্রাণিসম্পদ অধিদপ্তর,ঢাকা
ও
সদস্য সচিব, এনটিআরসি কমিটি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) এর দপ্তর
ডাইরী নং তারিখ ০৫/০১/২৬
যুগ্মসচিব: প্রাণিসম্পদ-১ /২ অধিশাখা
উপসচিব: প্রাণিসম্পদ-১/২/৩/৪ শাখা
সিনিয়র সহকারী সচিব:
সহকারী সচিব :
স্বাক্ষর

অনুলিপি ঃ
১। দপ্তর কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
mofl.gov.bd

## ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কমিটির (এনটিআরসি) ১৪তম সভার কাযবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ ইমাম উদ্দীন কবীর<br>অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ অনুবিভাগ<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ০৪ জানুয়ারী ২০২৬ খ্রিষ্টাব্দ। |
| সময় | : সকাল ১০:০০ ঘটিকা |
| সভাস্থল | : সভাকক্ষ, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর। |
| উপস্থিতি | : সভায় অংশগ্রহনকারী সদস্যগণের তালিকা পরিশিষ্ট ''ক" দ্রষ্টব্য। |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতি কমিটির সদস্য সচিব, মোঃ শাহজামান খান, পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তরকে সভার আলোচ্যসুচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানান।

কমিটির সদস্য সচিব মোঃ শাহজামান খান জানান, আলোচ্য সুচী অনুযায়ী একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশন তৈরী করা হয়েছে। তিনি পাওয়ার পয়েন্টের মাধ্যমে আলোচ্যসূচি উপস্থাপন করেন।

উপস্থাপিত বিষয়সমুহ হলো-

ক) ২৪-০৯-২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ।

খ) পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি পর্যালোচনা।

গ) বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন /নবায়ন সংক্রান্ত আলোচনা।

ঘ) বুল ষ্টেশনের প্রজনন ষাঁড়ের প্রত্যয়ন প্রদানের সুপারিশ সংক্রান্ত।

ঙ) বেসরকারী সংস্থা বা উদ্যোক্তা কর্তৃক ষাঁড়, গাভী/বকনা, সিমেন, এমব্রায়ো আমদানির আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির সুপারিশ পর্যালোচনা।

চ) বেসরকারি পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার নীতিমালা (সংশোধিত) -২০১৬ কে ``**জাতীয় কৃত্রিম প্রজনন নীতিমালা (খসড়া) ২০২৫"** – বিষয়ে আলোচনা।

ছ) বিবিধ।

উপস্থাপনার ভিত্তিতে উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহন করেন। প্রথমে ২৪-০৯-২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এরপর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং সুপারিশ বাস্তবায়নের নিমিত্ত কতিপয় নির্দেশনা প্রদান করা হয়।

বেসরকারী বুল ষ্টেশনের নিবন্ধন /নবায়নের সুপারিশ, বেসরকারী বিভিন্ন বুল ষ্টেশনের ব্রিডিং বুল প্রত্যয়ন, বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সুপারিশ পর্যালোচনা করা হয় **(গৃহিত সিদ্ধান্ত সমূহ অনুচ্ছেদ -৩ উল্লেখ করা আছে।)**

সদস্য সচিব নিম্নে উল্লেখিত বিষয়ে বিস্তারিতভাবে উপস্থাপন করেন।

পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর সকল বেসরকারী প্রতিষ্ঠানকে টেবিল-১ এ প্রদর্শিত জাতীয় প্রজনন নীতিমালা অনুসরনের কৃত্রিম প্রজনন নির্দেশিকা- ২০১৯ মেনে চলার অনুরোধ জানান। তিনি বলেন, বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন /নবায়ন সংক্রান্ত উপকমিটির পরিদর্শন কালে বেশ কিছু শর্ত প্রতিপালনের অগ্রগতি পরিলক্ষিত হয়েছে। যেমন- বেসরকারী পর্যায়ে গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬ এর ৩.২.১ ক্রমিক অনুযায়ী ঠাকুরগাঁও ডেইরী লিমিটেড (টিডিএল) ও ইয়ন বায়োসায়েন্স লিমিটেড যথাক্রমে তাঁদের ৩০০ জন ও ৫৯ জন এ.আই টেকনিশিয়ান কে প্রাণিসম্পদ



CamScanner

অধিদপ্তরের তত্ত্বাবধানে ৪ মাসের বেসিক কৃত্রিম প্রজনন বিষয়ক প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেছে। এছাড়াও ঠাকুরগাঁও ডেইরী লিমিটেড প্রতি ইউনিয়নে ১ জন করে মোট ৫১২ জন, ইয়ন বায়োসায়েন্স ৯২ জন ও পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) ২৭৪ জন কে প্রশিক্ষন করানোর নিমিত্ত মনোনয়ন দিয়ে আবেদন দাখিল করেছে, যা মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক কর্মএলাকা অনুমোদন সাপেক্ষে প্রশিক্ষণ সম্পন্ন করা হবে।। এছাড়াও একই নীতিমালা-২০১৬ এর ৩.২.২ ক্রমিক অনুযায়ী রিফ্রেশার্স প্রশিক্ষন করানোর নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে আমেরিকান ডেইরী লিমিটেড (এডিএল) তাঁদের ২৫৯২ জনকে, এসিআই এর ২৯৫৬ জন্, লালতীরের ১২৭৩ জন, ইজাব এলায়েন্স এর ১৮৯৮ জন, ব্রাকের ২৭৭০ জন মাঠ কর্মীকে এআই টেকনিশিয়ান প্রশিক্ষণ কেন্দ্র, সাভার থেকে রিফ্রেশার্স কোর্স সম্পন্ন করেছে। বর্তমানে উক্ত রিফ্রেশার্স কোর্স চলমান আছে এবং আশা করা হচ্ছে, স্বল্প সময়ের মধ্যে সকল বেসরকারী প্রতিষ্ঠানের মাঠ কর্মীদের রিফ্রেশার্স কোর্স সম্পন্ন হবে। তিনি পর্যায়ক্রমে সকল বেসরকারী প্রতিষ্ঠানকে প্রাণিসম্পদ অধিদপ্তরের তত্ত্বাবধানে নীতিমালা অনুযায়ী কর্মীদের রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করার আহ্বান জানান।

এছাড়া বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন /নবায়ন সংক্রান্ত উপকমিটির পরিদর্শন কালে কমিটি কর্তৃক যে সকল বিষয়ে অধিক গুরুত্ব দেওয়া প্রয়োজন বলে জানানো হয়েছে, তিনি সভায় উপস্থাপন করেন; যেমন-

১. সিমেন উৎপাদন ও মাঠ পর্যায়ে বিতরণের সময় ডিএলএস প্রদত্ত ন্যাশনাল আইডি সম্পূর্নরূপে ষ্ট্র এর গায়ে মুদ্রিত থাকতে হবে।
২. বাতিলকৃত প্রজনন ষাঁড় সংশ্লিষ্ট উপপরিচালক/উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার উপস্থিতিতে বুল স্টেশন থেকে অপসারণ পূর্বক পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরকে অবহিত করতে হবে।
৩. সিমেন স্ট্রতে নিম্নলিখিত তথ্যসমূহ ধারাবাহিকভাবে উল্লেখ থাকতে হবে- প্রতিষ্ঠানের নাম, উৎপাদনের তারিখ, জাত, বুল আইডি, বুলের নাম এবং প্রতিষ্ঠানের নিজস্ব ইউনিক চিহ্ন।
৫. সিমেন স্ট্রতে জাতের উল্লেখ হবে -১০০% হলিস্টিন, ১০০% শাহিওয়াল, HFCross এবং SLCross ব্রীডের ক্ষেত্রে বুলের পারসেন্ট স্ট্রতে প্রিন্ট করা যাবে না।
৬. অনুমোদনের ০৩ (তিন) বৎসর পর বুলের প্রজেনী পারফরমেন্স বিজ্ঞানভিত্তিকভাবে উপস্থাপন করতে হবে এবং ব্রিডিং ভ্যালু নির্ণয় করতে হবে।
৭. শাহীওয়াল ও শাহীওয়াল শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্দ্ধসীমা ১২(বার) বছর।
৮. হলিস্টিন ফ্রিজিয়ান শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্দ্ধসীমা ১০ (দশ) বছর।
৯. পরবর্তী প্রত্যয়নপত্র প্রাপ্তির লক্ষ্যে প্রস্তাবিত প্রজনন ষাঁড়ের পিডিগ্রী, মায়ের দুধ উৎপাদন, বাবার আইডি ও জাত ইত্যাদি বিষয়ের উপর অধিকতর গ্রহণযোগ্য প্রমানক দাখিল করতে হবে।
১০. হলিসটিন ফ্রিজিয়ান শংকর জাতের ব্লাড লেভেল ১০০% এর কাছাকাছি রাখার প্রবনতা পরিহার করে ৫০% থেকে ৭৫% এর মধ্যে আবশ্যিকভাবে রাখতে হবে।
১১. দুধ উৎপাদন বাড়ানোর লক্ষ্যে শাহীওয়াল এবং শাহীওয়াল শংকর জাতের ব্যবহার সীমিত করতে হবে।
১২. প্রজনন ষাঁড় প্রত্যয়নের পর সিমেন সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ করতে হবে। কোন অবস্থায় এর ব্যত্যয় পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
১৩. ২০২৬ সালের মধ্যে নিজস্ব বুল মাদার হার্ড হতে প্রজনন ষাঁড় উৎপাদন, লোকাল জেনেটিক্স সংরক্ষণ এবং মান নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে।
১৪. ট্রায়াল শুরুর পূর্বেই ষাঁড় বাছুরের পিডিগ্রীর তথ্যাদি নির্ধারিত ছকে তথ্যাদি পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে।
১৫. প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক অপ্রত্যায়িত অথবা ট্রায়াল বুল হতে সিমেন সংগ্রহ ও প্রক্রিয়াজাত করে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কাজে ব্যবহার করা যাবে না।
১৬. নীতিমালার নির্দেশনা (৩.২.২) অনুযায়ী প্রতিটি বেসরকারী সেবাদানকারী প্রতিষ্ঠানের কর্মীদের প্রাণিসম্পদ অধিদপ্তরের নিজস্ব প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে রিফ্রেশার্স প্রশিক্ষণ গ্রহন করতে হবে।
১৭. প্রতিটি ইউনিয়নে /ক্যাচমেন্ট এলাকায় একই প্রতিষ্ঠানের একাধিক কর্মী নিয়োজিত থেকে বিরত থাকতে হবে।



CamScanner

টেবিল-০১: জাতীয় প্রজনন নীতিমালা অনুসরনের কৃত্রিম প্রজনন নির্দেশিকা**- ২০১৯

| নির্দেশনা | বকনা/গাভী | খামারী অবস্থা | প্রাপ্য বীজ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | দেশী | দরিদ্র/মধ্যবিত্ত | দেশী (RCC, Pabna, মুন্সীগঞ্জ, উন্নত দেশী) |
| ২ | দেশী | স্বচ্ছল খামার মালিক | ১০০% হলষ্টিয়ান-ফ্রিজিয়ান |
| ৩ | শাহিওয়াল-দেশী | মধ্যবিত্ত ও স্বচ্ছল খামার মালিক | ১০০% শাহিওয়াল, ৫০% শাহিওয়াল x ৫০% দেশী |
| ৪ | ৫০% ফ্রিজিয়ান x ৫০% দেশী | ঐ | ৫০% ফ্রিজিয়ান x ৫০% দেশী |
| ৫ | ৫০%+ ফ্রিজিয়ান x ৫০% দেশী | ঐ | ৫০% ফ্রিজিয়ান x ৫০% দেশী |

** সকল ক্ষেত্রে যে কোন বকনা/গাভীকে ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত (নিকট আত্মীয়) ষাঁড়ের বীজ দ্বারা প্রজনন পরিহার বাঞ্ছনীয়।

সভায় বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সুপারিশ পর্যালোচনা করা হয়:

১) রংপুর পোল্ট্রি লিমিটেড (ডেইরী ডিভিশন), খাপড়িখাল, পোঃ চান্দামাড়ি, উপজেলাঃ গংগাচড়া, জেলাঃ রংপুর, নিজস্ব ডেইরী খামারের দুধ উৎপাদন বৃদ্ধি ও উন্নত ব্রিডিং কাজের উদ্দেশ্যে USA থেকে হলষ্টিন ফ্রিজিয়ান জাতের ৩০০০ টি ফ্রোজেন সিমেন আমদানি সংক্রান্ত আবেদন।

২) বার্ডস প্যারাডাইস ইন্টারন্যাশনাল, আইএনসি, হাউস-১১৪, মানিকনগর, মুগদা, ঢাকা-১২০৩, Eur ope/ USA হতে ১৭০ টি লাইভ এ্যানিমেল (goat s & sheep) আমদানি সংক্রান্ত আবেদন।

৩) সারা এগ্রো ফার্ম এন্ড হ্যাচারি, বালুয়াকান্দা, শাহ সুলতান রোড, নেত্রকোনা সদর, নেত্রকোনা, United Arab Emirates হতে ১৫০ টি লাইভ এ্যানিমেল (goats, Dumba & sheep) আমদানি সংক্রান্ত আবেদন।

৪) নাহার এগ্রো কমপ্লেক্স লিমিটেড, জনাব মোঃ রকিবুর রহমান (টুটুল), হোল্ডিং ১১, রোড নং ০১, পাহাড়িকা আ.এ দঃ খুলশী, জেলা চট্টগ্রাম। খামার- আকিলপুর, বাঁশবাড়িয়া, সীতাকুন্ড, চট্টগ্রাম নিজস্ব খামারে ব্যবহারের জন্য ও উৎপাদন বৃদ্ধির জন্য ২০০০ মাত্রা HF Frozen semen আমেরিকা হতে আমদানি সংক্রান্ত।

৫) কৃষিবিদ শরিফ উদ্দীন তরফদার, উপ মহাব্যবস্থাপক, প্রাণ সেন্টার ১০৫, মধ্যে বাড্ডা ঢাকা-১২১২, গাভীর জাত উন্নয়নের জন্য আমদানি সংক্রান্ত।

| ক্রমিক | গবাদি পশুর জাত | উৎস্য | সিমেন | ফ্রোজেন এমব্রায়ো |
|---|---|---|---|---|
| ১ | হলস্টেইন ফ্রিজিয়ান | ইউ.এস.এ অস্ট্রেলিয়া, চীন | ৯,০০০ | ৩,০০০ |
| ২ | জার্সি | ইউ.এস.এ অস্ট্রেলিয়া, চীন, ভারত | ১,৫০০ | ১,০০০ |
| ৩ | শাহিওয়াল | ভারত, পাকিস্তান | ১,৫০০ | ১,০০০ |

৬)মোহাম্মদ সাইফুল্লাহ, চীফ অপারেটিং অফিসার, ইয়ন বায়ো-সায়েন্স লিমিটেড, সন্তোষপুর, বদরগঞ্জ, রংপুর, দশীয় গবাদিপশুর জেনেটিক মান উন্নয়ের মাধ্যমে দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধি কল্পে প্রজনন বুল তৈরীর লক্ষ্যে ১০০% হলস্টেইন ফ্রিজিয়ান জাতের ফ্রোজেন সিমেন ৪০০০ মাত্রা এবং ১০০০ মাত্রা সেক্সড (sexed) সিমেন আমেরিকা (ইউএসএ) হতে আমদানি সংক্রান্ত।

৭) সৈয়দ আবরার নওশের, ব্যবস্থাপনা পরিচালক, তাহেরা এগ্রো ফার্ম লিমিটেড, গেরদা স্কুল মোড়, গেরদা, কতোয়ালী, ফরিদপুর গাভীর জাত উন্নয়নের জন্য ইউএসএ হতে ২০০০ মাত্রা বিশুদ্ধ হলস্টেইন ফ্রিজিয়ান জাতের হিমায়িত সিমেন আমদানি সংক্রান্ত।

বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সভাপতি ডাঃ বেগম শামসুন্নাহার আহমেদ জানান, বিগত উপকমিটির সভায় উপরোক্ত ০৭ টি প্রতিষ্ঠানের বিভিন্ন ধরনের আমদানির আবেদন পর্যালোচনা করে, এ বিষয়ে সুপারিশ প্রণয়ন করা হয়েছে।

সদস্য সচিব ও পরিচালক, কৃত্রিম প্রজনন জানান যে ইউনিয়ন পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি জাতীয় নীতিমালা অপরিহার্য। এ প্রেক্ষিতে বেসরকারি পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার নীতিমালা (সংশোধিত)-২০১৬ কে ভিত্তি করে "জাতীয় কৃত্রিম প্রজনন নীতিমালা (খসড়া) ২০২৫" প্রস্তাব করা হয়েছে এবং বিষয়টি ১২তম সভায় বিস্তারিতভাবে আলোচনা হয়। গত সভার সিদ্ধান্ত মোতাবেক এনটিআরসির সকল সদস্যের মতামত গ্রহণের জন্য খসড়ার অনুলিপি ইমেইলে প্রেরণ করা হয় এবং ৬ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে প্রাপ্ত মতামত একীভূত করে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে এবং বর্তমানে তা মন্ত্রণালয়ে



CamScanner

প্রেরণ করা হয়েছে। তিনি প্রস্তাবিত নীতিমালা মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য অনুরোধ জানান। এ প্রসঙ্গে এনটিআরসি সভাপতি জানান, মহাপরিচালকের অগ্রায়ন পত্রসহ মন্ত্রণালয়ে পৌঁছানোর পর প্রস্তাবটি কার্যকর করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নে লিখিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতভাবে গৃহিত হয়।

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৩.১ | ২৪-০৯-২০২৫ তারিখের কাযবিবরণী অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর<br>ও<br>পরিচালক, কৃত্রিম প্রজন দপ্তর, উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন দপ্তর ও বেসরকারী সংস্থা |
| ৩.২ | <u>বেসরকারী বুল ষ্টেশনের নিবন্ধন /নবায়নের সুপারিশঃ</u><br><br>**৩.২.১ আমেরিকান ডেইরী লিমিটেড - (নিবন্ধন নং-০১)**-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ০৯-১২-২০২৫ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন কমিটি কর্তৃক নবায়নের সুপারিশ করা হয়।<br><br>**৩.২.২ ব্রাক এ আই এন্টারপ্রাইজ, শম্ভগঞ্জ, ময়মসিংহ (নিবন্ধন নং-০৩)**-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ১৮-১২-২০২৫ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন কমিটি কর্তৃক নবায়নের সুপারিশ করা হয়।<br><br>**৩.২.৩ ঠাকুরগাঁও ডেইরী লিমিটেড (নিবন্ধন নং-০৯)**-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ২৭-১২-২০২৫ খ্রিষ্টাব্দ) নিম্নলিখিত বিষয়গুলোর সংযোজন করার শর্তে নিবন্ধন নবায়নের সুপারিশ করা হয় –<br>• ল্যাবরেটরীতে Air shower<br>• সিমেন সংগ্রহের ক্ষেত্রে Passbox<br>• Computer Assisted Semen Analyzer (CASA)<br>• ভালো মানের মাইক্রোস্কোপ (Phase Contrast with Heating Plate)<br>• ফ্লোর ও রুমগুলো এন্ট্রিমাইক্রোবিয়েল করা<br>• ডাইলুটার তৈরীর জায়গা হাইজিনিক করার জন্য লেমিনার এয়ার ফ্লো | মহাপরিচালক<br>ও<br>পরিচালক (সম্প্রসারণ)<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৩.৩ | <u>বেসরকারী বিভিন্ন বুল ষ্টেশনের ব্রিডিং নতুন বুল প্রত্যয়নঃ</u><br><br>**৩.৩.১ আমেরিকান ডেইরী লিমিটেড - (নিবন্ধন নং-০১)**-এর ৫৬টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক ৪৯টি (উনপঞ্চাশ) প্রজনন ষাঁড় হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের নিমিত্ত **প্রত্যয়ন করার জন্য সুপারিশ** প্রদান করা হলো (ষাঁড় নং 90101, 90102, 20101, 10104, 50608, 50609, 50610, 50611, 50612, 50613, 50614, 50615, 50616, 50617, 50618, 50619, 50620, 50621, 50622, 50624, 50625, 50626, 50627, 40125, 40126, 40127, 40128, 40129, 40130, 40131, 40132, 40133, 40134, 40135,40136,40139,40141, 40142, 40143, 40144,40147, 40148, 40149, 40150, 40151, 40153, 40154, 40155, 40156) এবং বাকি ৭ (সাত)টি (ষাঁড় নং-50623, 40137, 40138, 40140, 40145, 40146, 40152 ) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন করা গেল না।<br><br>প্রত্যায়িত ৪৯টি (উনপঞ্চাশ) প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির ১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিএলএস প্রদত্ত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ **ন্যাশনাল আইডি** ব্যবহারের জন্য সুপারিশ করা হলো। যেমন- 01NB90101, 01NB90102, 01MJ20201, 01MJ20201, 01RCC10104, | **পরিচালক**<br>কৃত্রিম প্রজন দপ্তর<br>ও<br>উপপরিচালক<br>জেলা কৃত্রিম প্রজনন দপ্তর<br>এবং<br>বেসরকারী সংস্থা |



CamScanner

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | 01HFX50608, 01HFX50609, 01HFX50610, 01HFX50611, 01HFX50612, 01HFX50613, 01HFX50614, 01HFX50615, 01HFX50616, 01HFX50617, 01HFX50618, 01HFX50619, 01HFX50620, 01HFX50621, 01HFX50622, 01HFX50624, 01HFX50625, 01HFX50626, 01HFX50627, 01SL40125, 01SL40126, 01SL40127, 01SL40128, 01SL40129, 01SL40130, 01SL40131, 01SL40132, 01SL40133, 01SL40134, 01SL40135, 01SL40136, 01SL40139, 01SL40141, 01SL40142, 01SL40143, 01SL40144, 01SL40147, 01SL40148, 01SL40149, 01SL40150, 01SL40151, 01SL40153, 01SL40154, 01SL40155, 01SL40156= মোট ৪৯টি ।<br><br>অনুমোদনহীন অপ্রত্যায়িত ষাঁড় ৭টি (50623, 40137, 40138, 40140, 40145, 40146, 40152) স্বল্প সময়ের মধ্যে দ্রুততার সহিত উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, গাজীপুরের উপস্থিতিতে অপসারন নিশ্চিতকরণ এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরে প্রেরনের জন্য সুপারিশ করা হলো। আপসারনের সময় ষাঁড়গুলিকে জবাই / খোজাকরন নিশ্চিত করতে হবে।<br><br>**৩.৩.২ ব্রাক এ আই এন্টারপ্রাইজ, শম্ভগঞ্জ, ময়মসিংহ (নিবন্ধন নং-০৩)-এর ০৬টি** আবেদিত ব্রিডিং বুলের মধ্য হতে ০৩ টি উপকমিটির সুপারিশ মোতাবেক ( Bull ID 24-404-09-22, 24-405-02-23, 24-406-04-23) প্রজনন ষাঁড় হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের নিমিত্ত **প্রত্যয়ন করার জন্য সুপারিশ প্রদান করা হলো** এবং বাকি ৩ (তিন)টি (ষাঁড় নং– 24-407-02-23, 23-373-12-21, 23-384-05-22) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন করা গেল না।<br><br>প্রত্যায়িত ৩টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির ১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিএলএস প্রদত্ত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ ন্যাশনাল আইডি ব্যবহারের জন্য সুপারিশ করা হলো। যেমন- 03SLX0404, 03SLX0405, 03SLX0406= মোট ৩টি।<br><br>অনুমোদনহীন অপ্রত্যায়িত ষাঁড় ৩টি (24-407-02-23, 23-373-12-21, 23-384-05-22) স্বল্প সময়ের মধ্যে দ্রুততার সহিত উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, ময়মসিংহের উপস্থিতিতে অপসারন নিশ্চিতকরণ এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরে প্রেরনের জন্য সুপারিশ করা হলো। আপসারনের সময় ষাঁড়গুলিকে জবাই / খোজাকরন নিশ্চিত করতে হবে।<br><br>**৩.৩.৩ এসিআই এনিমেল জেনেটিক্স, এসিআই লিমিটেড (নিবন্ধন নং-০৪)-এর ৩২টি** আবেদিত ব্রিডিং বুলের মধ্য হতে ২০ টি উপকমিটির সুপারিশ মোতাবেক ( Bull ID 270, 271, 272, 273, 274, 308, 309, 310, 311, 312, 314, 316, 317, 318, 320, 322, 323, 324, 349, 350) প্রজনন ষাঁড় হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের নিমিত্ত **প্রত্যয়ন করার জন্য সুপারিশ প্রদান করা হলো** এবং বাকি ১২ (বারো)টি (ষাঁড় নং– 275, 276, 277, 278, 279, 280, 281, 282, 313, 315, 319, 321) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন করা গেল না।<br><br>প্রত্যায়িত ২০ টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির ১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিএলএস প্রদত্ত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ ন্যাশনাল আইডি ব্যবহারের জন্য সুপারিশ করা হলো। যেমন- 04HFX270, 04SLX271, 04SLX272, 04SLX273, 04SLX274, 04HFX308, 04HFX309, 04HFX310, 04HFX311, 04SLX312, 04SLX314, 04HFX316, 04SLX317, 04SLX318, 04SLX320, 04SLX322, 04SLX323, 04SLX324, 04PC349, 04MJ350= মোট ২০ টি।<br><br>অনুমোদনহীন অপ্রত্যায়িত ষাঁড় ১২টি (275, 276, 277, 278, 279, 280, 281, 282, 313, 315, 319, 321) স্বল্প সময়ের মধ্যে দ্রুততার সহিত উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, গাজীপুর এর উপস্থিতিতে অপসারন নিশ্চিতকরণ এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরে প্রেরনের জন্য সুপারিশ করা হলো। | |

<table>
<tr><th>ক্রমিক</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নের দায়িত্ব</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td></tr>
<tr><td></td><td>অপসারনের সময় ষাঁড়গুলিকে জবাই / খোজাকরন নিশ্চিত করতে হবে।<br><br>৩.৩.৪ লালতীর লাইভষ্টক ডেভেলপমেন্ট বিডি লিমিটেড (নিবন্ধন নং-০২) - এর ১৫টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক ১২টি (বার) (24HO0315, 25HO0348, 25HO0349, 25HO0336, 25HO0337, 25SL0116, 25SL0119, 25SL0120, 25SL0121, 25SL0094, 25SL0106, 23RC0037) প্রজনন ষাঁড় হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের নিমিত্ত প্রত্যয়নের জন্য সুপারিশ প্রদান করা হলো এবং বাকি ৩ (তিন) টি (ষাঁড় নং- (25SL0122, 25SL0123, 23LPC0050) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন করা গেল না।<br><br>প্রত্যায়িত ১২টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির সুপারিশ অনুযায়ী ডিএলএস প্রদত্ত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ ন্যাশনাল আইডি ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। যেমন- 02HF0315, 02HF0348, 02HF0349 02HFX0336, 02HFX0337, 02SL0116, 02SL0119, 02SL0120, 02SL0121, , 02SLX0094, 02SLX0106, 02RCC0037= মোট ১২টি<br><br>অনুমোদনহীন অপ্রত্যায়িত ষাঁড় ৩টি (25SL0122, 25SL0123, 23LPC0050) স্বল্প সময়ের মধ্যে দ্রুততার সহিত উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, ময়মসিংহের উপস্থিতিতে অপসারন নিশ্চিতকরণ এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরে প্রেরনের জন্য সুপারিশ করা হলো। অপসারনের সময় ষাঁড়গুলিকে জবাই / খোজাকরন নিশ্চিত করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৩.৪</td><td><u>বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সুপারিশ পর্যালোচনান্তে গৃহিত সিদ্ধান্তঃ</u><br><br>৩.৪.১ রংপুর পোল্ট্রি লিমিটেড (ডেইরী ডিভিশন), খাপড়িখাল, পোঃ চান্দামাড়ি, উপজেলাঃ গংগাচড়া, জেলাঃ রংপুর, নিজস্ব ডেইরী খামারের দুধ উৎপাদন বৃদ্ধি ও উন্নত ব্রিডিং কাজের উদ্দেশ্যে USA থেকে হলষ্টিন ফ্রিজিয়ান জাতের ৩০০০ টি ফ্রোজেন সিমেন আমদানি সংক্রান্ত আবেদনের প্রেক্ষিতে নিজস্ব ডেইরী খামারের দুধ উৎপাদন বৃদ্ধি ও উন্নত ব্রিডিং কাজের উদ্দেশ্যে USA থেকে হলষ্টিন ফ্রিজিয়ান জাতের ৩০০০ টি ফ্রোজেন সিমেন আমদানির অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।<br><br>৩.৪.২ বার্ডস প্যারাডাইস ইন্টারন্যাশনাল, আইএনসি, হাউস-১১৪, মানিকনগর, মুগদা, ঢাকা-১২০৩, Europe/USA হতে ১৭০ টি লাইভ এ্যানিমেল (goat s & sheep) আমদানি সংক্রান্ত আবেদন। জাতীয় কৃত্রিম প্রজনন নীতিমালা ২০২৫ (খসড়া) অনুযায়ী অনুমোদনের জন্য সুপারিশ করা গেল না।<br><br>৩.৪.৩ সারা এগ্রো ফার্ম এন্ড হ্যাচারি, বালুয়াকান্দা, শাহ সুলতান রোড, নেত্রকোনা সদর, নেত্রকোনা, United Arab Emrrates হতে ১৫০ টি লাইভ এ্যানিমেল (goats, Dumba & sheep) আমদানি সংক্রান্ত আবেদন। জাতীয় কৃত্রিম প্রজনন নীতিমালা ২০২৫ (খসড়া) অনুযায়ী প্রাণি আমদানি কৃত্রিম প্রজনন নীতিমালা সমর্থন করে না বিধায় অনুমোদনের জন্য সুপারিশ করা গেল না।<br><br>৩.৪.৪ নাহার এগ্রো কমপ্লেক্স লিমিটেড, জনাব মোঃ রকিবুর রহমান (টুটুল), হোল্ডিং ১১, রোড নং ০১, পাহাড়িকা আ.এ দঃ খুলশী, জেলা চট্টগ্রাম। খামার- আকিলপুর, বাঁশবাড়িয়া, সীতাকুন্ড, চট্টগ্রাম নিজস্ব খামারে ব্যবহারের জন্য ও উৎপাদন বৃদ্ধির জন্য ২০০০ মাত্রা HF Frozen semen আমেরিকা হতে আমদানি সংক্রান্ত। দ্রুত জেনেটিক মান উন্নয়ন করার ক্ষেত্রে কমিটির সুপারিশ মোতাবেক আমেরিকা থেকে ১০০০ মাত্রা HF Frozen সিমেন আমদানির অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।</td><td>মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর</td></tr>
</table>



CamScanner

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | ৩.৪.৫ কৃষিবিদ শরিফ উদ্দীন তরফদার, উপ মহাব্যবস্থাপক, প্রাণ সেন্টার ১০৫, মধ্যে বাড্ডা ঢাকা-১২১২, গাভীর জাত উন্নয়নের জন্য আমদানি সংক্রান্ত আবেদন অধিকতর সরেজমিন পরিদর্শন করে সিদ্ধান্ত গ্রহন করা হবে।<br><br>৩.৪.৬ মোহাম্মদ সাইফুল্লাহ, চীফ অপারেটিং অফিসার, ইয়ন বায়ো-সায়েন্স লিমিটেড, সন্তোষপুর, বদরগঞ্জ, রংপুর, দেশীয় গবাদিপশুর জেনেটিক মান উন্নয়ের মাধ্যমে দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধি কল্পে প্রজনন বুল তৈরীর লক্ষ্যে ১০০% হলস্টেইন ফ্রিজিয়ান জাতের ফ্রোজেন সিমেন ৪০০০ মাত্রা এবং ১০০০ মাত্রা সেক্সড (sexed) সিমেন আমেরিকা (ইউএসএ) হতে আমদানি সংক্রান্ত। দশীয় গবাদিপ্রাণীর জেনেটিক মান উন্নয়ের মাধ্যমে দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধি কল্পে প্রজনন বুল তৈরীর লক্ষ্যে ১০০% হলস্টেইন ফ্রিজিয়ান ফ্রোজেন সিমেন এবং সেক্সড (sexed) সিমেন আমেরিকা (ইউএসএ) হতে আমদানির বিষয়ে পে-ডিগ্রি ও প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় কারিগরি উপকমিটি এ বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহন করতে পারেনি। বিধায় আমদানীর অনুমোদনের বিষয়ে সুপারিশ করা হলো না।<br><br>৩.৪.৭ সৈয়দ আবরার নওশের, ব্যবস্থাপনা পরিচালক, তাহেরা এগ্রো ফার্ম লিমিটেড, গেরদা স্কুল মোড়, গেরদা, কতোয়ালী, ফরিদপুর গাভীর জাত উন্নয়নের জন্য ইউএসএ হতে ২০০০ মাত্রা বিশুদ্ধ হলষ্টেইন ফ্রিজিয়ান জাতের হিমায়িত সিমেন আমদানি সংক্রান্ত। দ্রুত জেনেটিক মান উন্নয়ন করার ক্ষেত্রে কমিটির সুপারিশ মোতাবেক আমেরিকা থেকে ২০০০ মাত্রা HF Frozen সিমেন আমদানির বিষয়ে অধিকতর সরজমিনে পরিদর্শন করে সিদ্ধান্ত গ্রহন করা হবে।<br><br>৩.৪.৮ সকল অনুমতির মেয়াদ ০১ বছর এবং পুর্বের আমদানির ফল-আপ বিবেচনায় নেয়ার জন্য সুপারিশ করা হয়। | |
| ৩.৫ | **মাঠ কর্মীদের ৪মাস ব্যাপী বেসিক কৃত্রিম প্রজনন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনকারীদের অনুমোদন (নীতিমালা ৩.২.১):** বেসরকারী পর্যায়ে গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬ এর ৩.২.১ ক্রমিক অনুযায়ী ঠাকুরগাঁও ডেইরী লিমিটেড (টিডিএল) প্রতি ইউনিয়নে ১ জন করে মোট ৫১২ জনকে প্রশিক্ষন করানোর নিমিত্ত মনোনয়ন দিয়ে আবেদন দাখিল করেছে, যা মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ৩৫৭ জনের জন্য কর্মএলাকা অনুমোদন করেছে ফলে প্রতিষ্ঠানের ৩৫৭ কর্মীদের প্রাণিসম্পদ অধিদপ্তরের নিজস্ব প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে ৪ মাসের **বেসিক প্রশিক্ষণ প্রদানের জন্য সুপারিশ করা হলো।** | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর<br>ও<br>পরিচালক<br>কৃত্রিম প্রজন দপ্তর, DLS<br>এবং<br>বেসরকারী সংস্থা |
| ৩.৬ | **মাঠ কর্মীদের রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনকারীদের অনুমোদন (নীতিমালা ৩.২.২):** বেসরকারী পর্যায়ে গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬ এর এর ৩.২.২ ক্রমিক অনুযায়ী রিফ্রেশার্স প্রশিক্ষন করানোর নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে আমেরিকান ডেইরী লিমিটেড (এডিএল) তাঁদের ২৫৯২ জনকে, এসিআই এর ২৯৫৬ জন্, লালতীরের ১২৭৩ জন, ইজাব এলায়েন্স এর ১৮৯৮ জন, ব্রাকের ২৭৭০ জন মাঠ কর্মীকে, আরডিএ এর ১৫০ জন এআই টেকনিশিয়ান প্রশিক্ষণ কেন্দ্র, সাভার থেকে রিফ্রেশার্স কোর্স সম্পন্ন করেছে এবং বেসিক কোর্স সম্পন্নকারি টিডিএল ৩০০ জন, ইয়ন বায়সায়েন্সের ১৩৩ জন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের ইউনিক আইডি ও নামের তালিকা পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরের ওয়েবসাইটে **(aic.dls.gov.bd)** প্রকাশ করা হয়েছে এবং তালিকা বহির্ভূত কর্মীকে কৃত্রিম প্রজনন কাজ থেকে বিরত রাখার জন্য সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও উপ-পরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র সমুহকে কাযকরী ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করা হলো। | পরিচালক<br>কৃত্রিম প্রজন দপ্তর, DLS<br><br>উপপরিচালক<br>জেলা কৃত্রিম প্রজনন দপ্তর,<br><br>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৩.৭ | ৩.৭.১ অনুমোদিত সকল বুলের একটি হার্ডবুক (অনুলিপি) পিএসও এনিমেল ব্রিডিং দপ্তরে সংরক্ষিত থাকবে এবং নিয়মিত হালনাগাদ করা হবে। সকল প্রতিষ্ঠান তথ্য প্রদান করবে।<br><br>৩.৭.২ লাইভস্টক ডেভেলপমেন্ট পলিসি ২০০৭ অনুযায়ী ১ জানুয়ারী ২০২৬ থেকে সকল প্রতিষ্ঠান শুধুমাত্র ১০০% শাহিওয়াল প্রজনন ষাঁড় অনুমোদনের জন্য আবেদন করবে। ক্রস শাহিওয়ালের আবেদন গ্রহনযোগ্য হবেনা। | পিএসও, এনিমেল ব্রিডিং<br>পরিচালক<br>কৃত্রিম প্রজন দপ্তর, DLS<br>এবং<br>বেসরকারী সংস্থা |
| ৩.৮ | প্রতিটি বেসরকারী প্রতিষ্ঠানের জেলায় নিজস্ব ডিস্ট্রিবিউশন অফিস থাকতে হবে। কৃত্রিম প্রজনন সেবাদানকারী প্রতিষ্ঠানের সিমেন ডিষ্ট্রিবিউটর / জেলা প্রতিনিধিকে প্রাণিসম্পদ | পরিচালক<br>কৃত্রিম প্রজন দপ্তর, DLS |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | অধিদপ্তর থেকে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে একটি সনদ ও আইডি নম্বর দেওয়া হবে, যা সিমেন ডিষ্টিবিউটর / জেলা প্রতিনিধির সরকারী রেজিষ্ট্রেশন নম্বর হিসেবে বিবেচিত হবে। বেসরকারী সংস্থা সমুহের ডিলারের মাধ্যমে সিমেন সরবরাহ থেকে বিরত থাকার জন্য সভায় **সিদ্ধান্ত** গ্রহন করা হয়। | এবং<br>বেসরকারী সংস্থা |
| ৩.৯ | ২০২৬ সালের মধ্যে নিজস্ব বুল মাদার হার্ড হতে প্রজনন ষাঁড় উৎপাদন, লোকাল জেনেটিক্স সংরক্ষণ এবং মান নিয়ন্ত্রণ নিশ্চিত করতে বুল মাদার হার্ড এর Standard Operating Procedure (SOP) তৈরি করার জন্য পিএসও, এনিমেল ব্রিডিং কে সভাপতি করে একটি ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের প্রস্তাব করা হয়। | পরিচালক<br>কৃত্রিম প্রজন দপ্তর, DLS |

সভাপতি প্রশিক্ষণপ্রাপ্ত কৃত্রিম প্রজনন কর্মীদের প্রকাশিত তালিকা ওয়েবসাইটে শুভ উদ্বোধন করেন এবং আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ ইমাম উদ্দীন কবীর)
অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ অনুবিভাগ
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
ও
সভাপতি
ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কমিটি (এনটিআরসি)

**সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ও সদস্য NTRC ।
২-৩। পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ও সদস্য NTRC ।
৪। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিপ্তর, ফার্মগেট, ঢাকা ও সদস্য সচিব NTRC ।
৫। পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা ও সদস্য NTRC ।
৬। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাকৃবি, ময়মনসিংহ ও সদস্য NTRC ।
৭। পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা ও সদস্য NTRC ।
৮। প্রফেসর ড. লাম ইয়া আসাদ, ANG এন্ড ব্রিডিং বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা ও সদস্য NTRC ।
৯। উপ পরিচালক, লেজিসলেশন, প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা ও সদস্য NTRC ।
১০। প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, এ্যনিমেল ব্রিডিং শাখা, সাভার, ঢাকার সদস্য NTRC ।
১১। ড. গৌতম কুমার দেব, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা ও সদস্য NTRC ।
১২। একেএম আরিফুল ইসলাম, পরিচালক, আমেরিকান ডেইরী লিমিটেড- উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি, সদস্য NTRC ।
১৩। ড. ইমদাদুল হক, নির্বাহী পরিচালক, লালতীর লাইভস্টক ডেভলপমেন্ট লিমিটেড- উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি, সদস্য NTRC ।
১৪। ডাঃ মোঃআব্দুল লতিফ, এজিএম, ব্র্যাক এ আই এন্টারপ্রাইজ (এআই ডিভিশন)- উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি, সদস্য NTRC ।
১৫। ডাঃ অরবিন্দ কুমার সাহা, চীফ টেকনিক্যালয় এডভাইজর, এসিআই- উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি, সদস্য NTRC ।
১৬। জনাব মোঃ আতিকুল ইসলাম, বেঙ্গল মিট প্রসেসিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর প্রতিনিধি, সদস্য NTRC ।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (বিএলআরআই), সাভার, ঢাকা।
৩। ডীন, ভেটেরিনারি মেডিসিন অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
৪। ডীন, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।



CamScanner